

স্মারক নং-ডিজিএইচএস/এইচ.আর.এম/বিবিধ/২০২২-২৩/৭৫০৬

তারিখঃ ০২/০৮/২৩


বিজ্ঞপ্তি

এতদ্বারা স্বাস্থ্য ক্যাডারের সকল কর্মকর্তাদের অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, এখন থেকে অন্যান্য ক্যাডার এর মতো স্বাস্থ্য ক্যাডার সার্ভিসের পরবর্তী পদোন্নতির জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে না। কর্মকর্তাদের এইচআরএম হালনাগাদপূর্বক বিসিএস ব্যাচ, মেধাক্রম ও অন্যান্য যোগ্যতা অনুসারে স্বয়ংক্রিয়ভাবে এইচআরআইএস এর মাধ্যমে যথাসময়ে অধিদপ্তর/ মন্ত্রণালয় কর্তৃক তালিকা প্রস্তুত করা হবে। তাঁরা নিজ নিজ এইচআরআইএস আইডি তে প্রবেশ করে 'Desired Post for Next Promotion' বাটনে ক্লিক করে পরবর্তী যে পদে প্রমোশন প্রয়োজন তা উল্লেখপূর্বক পদোন্নতির বিষয়ে আগ্রহ ব্যক্ত করতে পারবেন। এক্ষেত্রে কর্মকর্তাগণের নিজ নিজ এইচআরআইএস হালনাগাদ রাখা প্রয়োজন। কর্মকর্তাগণ পরবর্তী পদোন্নতির নিমিত্তে DGHS এর নীড়পাতায় (www.dghs.gov.bd) প্রকাশিত "অনলাইন আবেদন ও HRIS আপডেটের নির্দেশিকা" ভালোভাবে পড়ে সঠিকভাবে HRIS আপডেটের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

এইচআরআইএস এ যেসকল ক্ষেত্রে তথ্য হালনাগাদ রাখা প্রয়োজনঃ


১. বিসিএস ব্যাচ, ক্রমিক নম্বর, মেধাক্রম, নিয়মিত করনের তারিখ ইত্যাদি নির্ভুলভাবে হালনাগাদ থাকতে হবে। উল্লেখ্য, এডহক, প্রজেক্ট কিংবা ক্যাডার নয় এমন কর্মকর্তাগণ HRIS এ "এনক্যাডার" অপশন-এ ক্লিক করবেন।
২. MBBS/BDS ডিগ্রির সনদপত্র ও বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশন করে আপলোড থাকতে হবে।
৩. সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রির সনদপত্র ও বিএমডিসি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশন করে আপলোড থাকতে হবে।
৪. চাকুরীর ১ম যোগদানের আদেশ ও যোগদানের কপি, নিয়োগ আদেশ/প্রজ্ঞাপন HRIS এ আপডেট থাকতে হবে।
৫. পূর্ববর্তী পদে পদোন্নতির আদেশ (প্রয়োজ্য ক্ষেত্রে) ও যোগদানের কপি HRIS এ আপডেট থাকতে হবে।
৬. বর্তমান কর্মস্থলের যোগদানের বিষয়ে যোগদানপত্র HRIS এ আপডেট থাকতে হবে।
৭. চাকুরী স্থায়ীকরণ আদেশ ও সিনিয়র স্কেল পাসের গেজেট HRIS এ আপলোড থাকতে হবে। এছাড়া প্রয়োজ্য ক্ষেত্রে চাকুরী নিয়মিতকরনের আদেশ HRIS এ আপডেট থাকতে হবে।
৮. আবেদনকারীগণের সিগনেচার এর সফটকপি আপলোড করতে হবে।
৯. বিসিএস ক্যাডারভূক্ত কর্মকর্তাদের ক্ষেত্রে প্রথম যোগদানের তারিখ ও ক্রমিক নম্বরই নিয়মিতকরনের তারিখ ও ক্রমিক নং হিসেবে গন্য হবে। যারা এডহক/প্রজেক্ট থেকে বি.সি.এস এ যোগদান করেছে সে সকল কর্মকর্তাদের ক্ষেত্রে বিসিএস এর যোগদানের তারিখই সরকারি চাকরিতে প্রথম যোগদানের তারিখ হিসেবে গন্য হবে এবং এই তথ্যটি HRIS এ আপডেট থাকতে হবে।
১০. চাকুরীর ১ম যোগদানের আদেশ ও যোগদানের কপি, নিয়োগ আদেশ/প্রজ্ঞাপন HRIS এ আপডেট থাকতে হবে।
১১. বিএমডিসি কর্তৃক স্বীকৃত দেশী/বিদেশী মেডিক্যাল জার্নালে প্রকাশিত প্রকাশনাসমূহ এবং প্রত্যেক প্রকাশনার কভার পেইজ ও সূচীপত্র HRIS এ আপডেট থাকতে হবে।
১২. বিগত ০৫ (পাঁচ) বছরের এসিআর, এসিআর শাখায় জমা থাকতে হবে এবং স্ক্যানকপি HRIS এ আপডেট থাকতে হবে।
১৩. HRIS প্রোফাইলে ভুল তথ্য প্রদান করলে আবেদনটি সরাসরি বাতিল বলে গন্য হবে এবং ইচ্ছাকৃতভাবে মিথ্যা তথ্য প্রদান করলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে মহা-পরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।


(অধ্যাপক ডাঃ মোঃ শামিউল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দুঃ আঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। যুগ্ম-সচিব (পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক (এমআইএস) ও লাইনডাইরেক্টর (এইচআইএস এন্ড ই-হেলথ) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭। উপ-পরিচালক (প্রশাসন/পার-১,২) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। সহকারী পরিচালক (পার-১/এসিআর) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধ সহ)।
- ১০। চীফ (মনিটরিং কো-অর্ডিনেশন, এন্ড সাপোর্ট সেল) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১১। অফিস কপি।



(ডাঃ তানভীর আহমেদ)

ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (এইচআরএম)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।